

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ/ ৩১ মে ২০২০ খ্রিস্টাব্দ

নং-৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-১৯৩ সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ৩৪ এর ২ এর প্রদত্ত ক্ষমতাবলে করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে শর্ত সাপেক্ষে সীমিত পরিসরে নির্দিষ্ট সংখ্যক যাত্রী নিয়ে স্বাস্থ্য বিধি নিশ্চিতকল্পে সরকার আস্তঃজেলা ও দূরপাল্লায় চলাচলকারী (ঢাকা মহানগর ও এর পার্শ্ববর্তী এলাকা এবং চট্টগ্রাম মহানগরসহ) বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করলঃ

(ক) আস্তঃজেলা ও দূরপাল্লা রুটে বাস/মিনিবাস চলাচলের ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ০৩ মে ২০১৬ খ্রি: তারিখের ৩৫.০০.০০০০.০২০.২৬.০০৫.১৬-১৬৩ নং প্রজ্ঞাপনমূলে উল্লেখিত বিদ্যমান ভাড়ার (যাত্রী প্রতি কিলোমিটার সর্বোচ্চ ১.৪২ টাকা) ৬০ শতাংশ বৃদ্ধি;

(খ) ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে বাস/মিনিবাস চলাচলের ক্ষেত্রে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১৬ সেপ্টেম্বর ২০১৫ খ্রি: তারিখের ৩৫.০২০.০০৬.০০.০০.০১৯.২০১৩-৪১৭ নং প্রজ্ঞাপনে উল্লেখিত বিদ্যমান ভাড়ার (ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলরত বাস ও মিনিবাসের সর্বোচ্চ ভাড়া প্রতি যাত্রী প্রতি কিলোমিটার যথাক্রমে ১.৭০ টাকা ও ১.৬০ টাকা। বাস ও মিনিবাসের ক্ষেত্রে সর্বনিম্ন ভাড়ার বিদ্যমান হার ৭.০০ টাকা ও ৫.০০ টাকা) ৬০ শতাংশ বৃদ্ধি;


(গ) ঢাকা টার্মিনাল কোঅর্ডিনেশন অথরিটি (ডিটিসিএ) এর আওতাধীন জেলার (নারায়নগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, গাজীপুর, মানিকগঞ্জ ও ঢাকা জেলা) অভ্যন্তরে চলাচলকারী বাস ও মিনিবাস উভয় ক্ষেত্রে ভাড়ার হার প্রতি যাত্রী প্রতি কিলোমিটার ১.৬০ টাকার ৬০ শতাংশ বৃদ্ধি।

শর্তাবলী:-

- (ক) একজন যাত্রীকে বাস/মিনিবাসের পাশাপাশি দুইটি আসনের একটি আসনে বসিয়ে অপর আসনটি অবশ্যই ফাঁকা রাখতে হবে। স্বাস্থ্য বিধি অনুসারে শারিরিক ও সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। কোনভাবেই সংশ্লিষ্ট মোটরযানের রেজিস্ট্রেশন সার্টিফিকেটে উল্লেখিত মোট আসন সংখ্যার অর্ধেকের বেশি যাত্রী বহন করা যাবে না এবং দাঁড়িয়ে কোনো যাত্রী বহন করা যাবে না;
- (খ) বর্ণিত প্রজ্ঞাপনদ্বয়ে উল্লেখিত ভাড়ার বিদ্যমান হারে প্রচলিত ভাড়ার চার্জে বর্ণিত ভাড়ার সাথে সরকার কর্তৃক অনুমোদিত ভাড়া বৃদ্ধির হার যোগ করে নতুন ভাড়া নির্ধারিত হবে;
- (গ) স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক বাস/মিনিবাস পরিচালনা করতে হবে;
- (ঘ) অনুমোদিত ভাড়ার হার করোনা ভাইরাস (কোভিড-১৯) জনিত সংকটকালের জন্য প্রযোজ্য হবে। এ সংকট দূর হলে প্রজ্ঞাপনদ্বয়ের বিদ্যমান হারের ভাড়া পুনঃপ্রযোজ্য হবে।”

০২। জনস্বার্থে জারিকৃত এ ভাড়ার হার ০১ জুন ২০২০ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
৩১/৫/২০২০  
(মোঃ জসিম উদ্দিন)  
সহকারী সচিব